

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি নিষিদ্ধ

কুবি সংবাদদাতা

০৮ আগস্ট,
২০২৪ ১৮:৫০

শেয়ার

অ +

অ -



প্রতীকী ছবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) সব ধরনের ছাত্ররাজনীতি নিষিদ্ধ ঘোষণা করেছে প্রশাসন। বৃহস্পতিবার (৮ আগস্ট)

১০০তম সিডিকেট সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ হুমায়ুন কবির জানান, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রথম সিন্ডিকেটের সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করা হলো। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের আইনের ৪৩-এর (ঘ) অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী কোনো রাজনৈতিক দলের সদস্য হতে পারবেন না।

শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীর বিষয়ে যেহেতু আগেই বলা হয়েছে সেহেতু এই বিষয়ে সিন্ডিকেট সিদ্ধান্ত দেবে না।

২০০৭ সালের ২৫ এপ্রিল বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য প্রয়াত অধ্যাপক ড. গোলাম মাওলার সভাপতিত্বে অনুষ্ঠিত হওয়া সিন্ডিকেটে পরিবেশ রক্ষা, উন্নত শিক্ষার সুষ্ঠু ধারা প্রবর্তন এবং যুগোপযুগী শিক্ষাব্যবস্থা চালু রাখার উদ্দেশ্যে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ধূমপানমুক্ত এবং রাজনৈতিক অপচর্চা থেকে বিরত রাখার ব্যাপারে অভিমত প্রকাশ করেছিলেন। ধ্বংসাত্মক রাজনীতি যেকোনো শিক্ষাব্যবস্থার অন্তরায় বলে অভিমত প্রকাশ করেছিলেন তিনি। তার প্রাথমিক কার্যকারীতার জন্য ছাত্রছাত্রীদের একটি অঙ্গীকারনামা রাখার ব্যাপারে অভিমত প্রকাশ করা হয়েছিল।

তবে সিন্ডিকেটের স্পষ্ট নির্দেশনা সত্ত্বেও কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে বহাল তবিয়েই ছিল ক্ষমতাসীন দলের অঙ্গসংগঠন হিসেবে পরিচিত ছাত্রলীগের আধিপত্য। এই রাজনৈতিক কোন্দলে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে খালেদ সাইফুল্লাহ নামের এক ছাত্র মারা যান।

